গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ৮ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৩.২২.১৮০১

**বিষয়: চট্টগ্রাম বিভাগে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য সড়ক পথে মোট ৬২৭৯ মে.টন আমন'২৩-২৪ আতপ চালের চলাচলসূচি (সূচি নং-৭৭)**

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম ২০-০৩-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.২১০.৫১.০০১.২৩.৯১১ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা ২০-০৩-২০২৪ খ্রি. এর ১৩.০১.০০০০.২৩০.৫০.০০৪.২৩.৪১৯ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম, কক্সবাজারসহ ৩ পার্বত্য এলএসডিসমূহে বিভিন্ন খাতে বিতরণের লক্ষ্যে আতপ চালের চাহিদা প্রেরণ করা হচ্ছে। চট্টগ্রামস্থ সিএসডিদ্বয়সহ অন্যকোন এলএসডিতে পর্যাপ্ত আতপ চাল মজুত না থাকায় চাহিদানুযায়ী আতপ চাল প্রেরণ করা যাচ্ছেনা। খাদ্যবান্ধব, ভিডব্লিউবি, ভারত প্রত্যাগত শরণার্থী, জেএসএস, টিসিবি, ভিজিএফ মৎস্য ইত্যাদি খাতে প্রায় ৪৭,০০০ মে.টন আতপ চাল ৫টি জেলায় এপ্রিল'২৪ মাসে বিলি-বিতরণ হতে পারে। চট্টগ্রাম ও কক্সবাজার জেলার এলএসডি/সিএসডিসমূহে মজুত গড়ার লক্ষ্যে ২০,০০০ মে.টন আতপ চালের চাহিদা সূত্রস্থ ১ নং স্মারকে প্রেরণ করা হয়েছে। সূত্রস্থ ২ নং স্মারকের পত্র কুষ্টিয়া জেলায় আতপ চালের ভোক্তা না থাকায় কুষ্টিয়া সদর ও জগতি এলএসডি হতে আমন'২৩-২৪ মৌসুমে সংগৃহীত আতপ চাল ভোক্তা অধ্যুষিত এলাকায় প্রেরণের প্রয়োজনীয় গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। এছাড়া রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ বিভাগের এলএসডিসমূহে আতপ চালের বিলি-বিতরণের খাত না থাকায় সদ্য সংগৃহীত আমন'২৩-২৪ আতপ চাল ভোক্তা এলাকা চট্টগ্রাম বিভাগের এলএসডিসমূহে প্রেরণ করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে চট্টগ্রাম বিভাগের এলএসডিসমূহে বিভিন্ন খাতে বিতরণ লক্ষ্যে বর্তমান মজুত, খালি জায়গা, সাশ্রয়ী রুট বিবেচনায় সড়ক পথে মোট ৬২৭৯ মে.টন সদ্য সংগৃহীত আমন'২৩-২৪ আতপ চালের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো:

**সড়ক পথে আমন'২৩-২৪ আতপ চালের চলাচলসূচি**

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | চাঁপাইনবাবগঞ্জ | নাচোল এলএসডি | চট্টগ্রাম | নাজিরহাট এলএসডি | ১২০ | আমন'২৩-২৪ আতপ চাল | সড়ক পথ | চসসা বিভাগ উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | রহনপুর এলএসডি | ঐ | ঐ | ১৯৫ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ভোলাহাট এলএসডি | ঐ | ঐ | ৮৫ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | ঐ | ঐ | হাটহাজারী এলএসডি | ৫১ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | চাঁপাইনবাবগঞ্জ এলএসডি | ঐ | ঐ | ২৪ | ঐ | ঐ | |
| ৬. | রাজশাহী | কামারগাঁও এলএসডি | ঐ | ঐ | ১১৯ | ঐ | ঐ | |
| ৭. | ঐ | দূর্গাপুর এলএসডি | ঐ | রাউজান এলএসডি | ৪০ | ঐ | ঐ | |
| ৮. | জয়পুরহাট | জয়পুরহাট এলএসডি | ঐ | ঐ | ১৪১ | ঐ | ঐ | |
| ৯. | ঐ | আক্কেলপুর এলএসডি | ঐ | ঐ | ১১৯ | ঐ | ঐ | |
| ১০. | ঐ | ঐ | ঐ | পটিয়া এলএসডি | ৩০ | ঐ | ঐ | |
| ১১. | ঐ | জামালগঞ্জ এলএসডি | ঐ | ঐ | ১১০ | ঐ | ঐ | |
| ১২. | নওগাঁ | মহাদেবপুর এলএসডি | ঐ | ঐ | ৯৪ | ঐ | ঐ | |
| ১৩. | ঐ | নওগাঁ এলএসডি | ঐ | ঐ | ৫৮ | ঐ | ঐ | |
| ১৪. | ঐ | সরস্বতীপুর এলএসডি | ঐ | আনোয়ারা এলএসডি | ৬৩ | ঐ | ঐ | |
| ১৫. | বগুড়া | সান্তাহার এলএসডি | ঐ | ঐ | ২৩৭ | ঐ | ঐ | |
| ১৬. | ঐ | ঐ | ঐ | দোহাজারী এলএসডি | ১৫১ | ঐ | ঐ | |
| ১৭. | ঐ | জামুরহাট এলএসডি | ঐ | ঐ | ১৯ | ঐ | ঐ | |
| ১৮. | সিরাজগঞ্জ | কাজিপুর এলএসডি | ঐ | ঐ | ২০ | ঐ | ঐ | |
| ১৯. | কুষ্টিয়া | কুষ্টিয়া এলএসডি | ঐ | ঐ | ১১০ | ঐ | ঐ | |
| ২০. | ঐ | ঐ | ঐ | সাতকানিয়া এলএসডি | ১১৬ | ঐ | ঐ | |
| ২১. | ঐ | জগতি এলএসডি | ঐ | ঐ | ৮৪ | ঐ | ঐ | |
| ২২. | ঐ | ঐ | ঐ | লোহাগাড়া এলএসডি | ১৩৬ | ঐ | ঐ | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৩. | শেরপুর | শেরপুর এলএসডি | ঐ | ঐ | ১২২ | ঐ | ঐ | |
| ২৪. | জামালপুর | সিংহজানী (গ্রেড-১) এলএসডি | ঐ | ঐ | ৪২ | ঐ | ঐ | |
| ২৫. | ঐ | ঐ | ঐ | বোয়ালখালী এলএসডি | ১১৭ | ঐ | ঐ | |
| ২৬. | ঐ | মেলান্দহ এলএসডি | ঐ | ঐ | ৮৩ | ঐ | ঐ | |
| ২৭. | ঐ | ঐ | ঐ | চাঁনপুরঘাট এলএসডি | ৪১ | ঐ | ঐ | |
| ২৮. | নেত্রকোণা | কেন্দুয়া এলএসডি | ঐ | ঐ | ৪২ | ঐ | ঐ | |
| ২৯. | ঐ | নেত্রকোণা এলএসডি | ঐ | ঐ | ৮২ | ঐ | ঐ | |
| ৩০. | ঐ | ঠাকুরাকোণা এলএসডি | ঐ | ঐ | ৩৫২ | ঐ | ঐ | |
| ৩১. | ঐ | জারিয়া এলএসডি | কক্সবাজার | কক্সবাজার এলএসডি | ১৭ | ঐ | ঐ | |
| ৩২. | ময়মনসিংহ | মুক্তাগাছা এলএসডি | ঐ | ঐ | ১৬৪ | ঐ | ঐ | |
| ৩৩. | ঐ | ময়মনসিংহ সিএসডি | ঐ | ঐ | ১৮৪ | ঐ | ঐ | |
| ৩৪. | ঐ | ধলা এলএসডি | ঐ | ঐ | ১১ | ঐ | ঐ | |
| ৩৫. | ঐ | গৌরীপুর এলএসডি | ঐ | ঐ | ২২ | ঐ | ঐ | |
| ৩৬. | টাঙ্গাইল | বি-বেতকা এলএসডি | ঐ | ঐ | ২৮ | ঐ | ঐ | |
| ৩৭. | ঐ | করটিয়া এলএসডি | ঐ | ঐ | ৩০ | ঐ | ঐ | |
| ৩৮. | ঐ | দেলদুয়ার এলএসডি | ঐ | ঐ | ২৭৬ | ঐ | ঐ | |
| ৩৯. | ঐ | সখিপুর এলএসডি | ঐ | ঐ | ১৪৫ | ঐ | ঐ | |
| ৪০. | ঐ | মির্জাপুর এলএসডি | ঐ | ঐ | ২৭ | ঐ | ঐ | |
| ৪১. | ঐ | ঐ | ঐ | রামু এলএসডি | ৪০০ | ঐ | ঐ | |
| ৪২. | ঐ | ঐ | ঐ | গোরকঘাটা এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৪৩. | ঐ | নাগরপুর এলএসডি | ঐ | ঐ | ২১৯ | ঐ | ঐ | |
| ৪৪. | ঐ | মধুপুর এলএসডি | ঐ | চিরিঙ্গা এলএসডি | ৩২০ | ঐ | ঐ | |
| ৪৫. | ফরিদপুর | অম্বিকাপুর এলএসডি | ঐ | ঐ | ৮০ | ঐ | ঐ | |
| ৪৬. | ঐ | ঐ | ঐ | উখিয়া এলএসডি | ৪০০ | ঐ | ঐ | |
| ৪৭. | ঐ | ঐ | ঐ | টেকনাফ এলএসডি | ৯৬ | ঐ | ঐ | |
| ৪৮. | ঐ | বোয়ালমারী এলএসডি | ঐ | ঐ | ২৭৫ | ঐ | ঐ | |
| ৪৯. | গোপালগঞ্জ | কোটালীপাড়া এলএসডি | ঐ | ঐ | ২৮ | ঐ | ঐ | |
| ৫০. | গাজীপুর | শ্রীপুর এলএসডি | ঐ | ঐ | ১৯৬ | ঐ | ঐ | |
| ৫১. | ঐ | কাপাসিয়া এলএসডি | ঐ | ঐ | ৫৮ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ৬২৭৯ | | | |

**নির্দেশনাসমূহ:**

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯-১১-২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক, ২২-০৫-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং ও ২১-১২-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৪৬৫ স্মারক ও ০২-০৫-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭ স্মারকের পত্রসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। সূচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের ০৯-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়্যারহাউজ বা এলএসডি/সিএসডিতে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ঠে ডিজিটাল প্রিন্ট স্টেন্সিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেনসিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ বাধ্য নহেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে

এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;


১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ৩০-০৪-২০২৪ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষ এর অনুমোদন রয়েছে।



২১-০৪-২০২৪
মোঃ নাজমল হক ভূঁইয়া

উপপরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী/ঢাকা/ময়মনসিংহ/খুলনা এবং

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক,
চাঁপাইনবাবগঞ্জ/রাজশাহী/জয়পুরহাট/নওগাঁ/বগুড়া/সিরাজগঞ্জ/কুষ্টিয়া/শেরপুর/জামালপুর/নেত্রকোণা/ময়মনসিংহ/টাংগাইল/ফরিদপুর/গোপালগঞ্জ/গাজীপুর।

**স্মারক নম্বর:**

তারিখ: ৮ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;

২। পরিচালক (চলতি দায়িত্ব), হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর;

৩। পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর;


৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম;

৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো);

৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক ..................................;

৭। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং

৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ...................................... এলএসডি।



২১-০৪-২০২৪
মোঃ নাজমুল হক ভূঁইয়া
উপপরিচালক